দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 30 MAY 2016 ..
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৬ ......

# শিক্ষকদের প্রতি ভিসি দরদ দিয়ে নিজ নিজ দায়িত্ব পালন করুন

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান বলেছেন, বর্তমান প্রশাসন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের 'চেন অব কমান্ড' এবং সিস্টেমের উন্নয়নে কাজ করে যাচ্ছে। এ বিশ্ববিদ্যালয়ের সার্বিক উন্নয়নে প্রত্যেককে দরদ দিয়ে নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালন করতে হবে। প্রয়োজনে অফিসের নির্ধারিত সময়ের পরও অতিরিক্ত সময় দিতে হবে। এ বিশ্ববিদ্যালয়ের চিকিৎসাসেবা, শিক্ষা ও গবেষণাকে আন্তর্জাতিকমানে উন্নীত করতে সম্মানিত শিক্ষকবৃন্দ ও বিভাগীয় চেয়ারম্যানবৃন্দ অধিক ভূমিকা রাখবেন এটাই প্রত্যাশা। এ বিশ্ববিদ্যালয়কে দেশ-বিদেশের মডেল হিসেবে গড়ে তুলতে সকলেই দরদ দিয়ে নিজ নিজ কর্মস্থলে যথাযথ দায়িত্ব পালন করুন। রবিবার বেলা ১১টায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের এ ব্লকের লেকচার গ্যালারিতে ইনস্টিটিউশনাল কোয়ালিটি এ্যাসুরেন্স সেল (আইকিউএসি)-এর উদ্যোগে শিক্ষকবৃন্দের জন্য আয়োজিত দায়িত্বশীলতা ও নৈতিক মূল্যনীতি বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচীর (ট্রেনিং অন রোল, রেসপনসিবিলিটি এ্যান্ড ইথিক্যাল প্রিন্সিপালস অব ইউনিভার্সিটি টিচার্স) উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

প্রশিক্ষণ কর্মসূচীর উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডাঃ মোঃ শহীদুল্লাহ সিকদার, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডাঃ মোঃ শারফুদ্দিন আহমেদ, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডাঃ এ এস এম জাকারিয়া স্বপন, কোষাধ্যক্ষ অধ্যাপক ডাঃ মোঃ আলী আসগর মোড়ল। সভাপতিত্ব করেন ইনস্টিটিউশনাল কোয়ালিটি এ্যাসুরেন্স সেল (আইকিউএসি)-এর পরিচালক অধ্যাপক ডাঃ মোঃ শফিকুল ইসলাম। মডারেটরের দায়িত্ব পালন করেন আইকিউএসি-এর অতিরিক্ত পরিচালক ডাঃ হরষিত কুমার পাল। উদ্বোধনী অনুষ্ঠানে সম্মানিত শিক্ষকবৃন্দ তাঁদের মূল্যবান মতামত তুলে ধরেন। -বিজ্ঞপ্তি।